# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিঃ প্রধান প্রকৌশলীর দপ্তর
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
পানি ভবন, লেভেল-১
৭২, গ্রীন রোড, ঢাকা।
ফোন ঃ +৮৮ ০২ ২২২২৩০০২২

www.bwdb.gov.bd

OFFICE OF THE ADD. CHIEF ENGINEER
TRAINING & HR DEVELOPMENT
PANI BHABON, Level-1
72, GREEN ROAD, DHAKA.
PHONE +88 02 222230022
e-mail : ctsd.bwdb@gmail.com


স্মারক নং-৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১-৭১৮;　　　　তারিখঃ ২৩/০৫/২০২২ খ্রিঃ।

**বিগত ১৯/০৫/২২ খ্রিঃ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো মহোদয়ের কক্ষে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) পরিবীক্ষণ কমিটি " এর ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরনী।**

বিগত ১৯/০৫/২২ খ্রিঃ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো মহোদয়ের কক্ষে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) পরিবীক্ষণ কমিটি" এর ৪র্থ ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কমিটির আহবায়ক জনাব মোঃ ওয়াহিদ হোসেন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাপাউবো, ঢাকা। সভার উপস্থিতি তালিকা *সংযুক্তি-০১*। সভার শুরুতে সভাপতি মহোদয় বাপাউবো'র সিটিজেন চার্টারে বর্ণিত দপ্তরসমূহ সিটিজেন চার্টার অনুযায়ী কার্যক্রম পরিচালনা করছে কি না তা পরিবীক্ষনের বিষয়ে তার মতামত উপস্থাপন করেন এবং মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২০২২ এর ১.১ এ বর্ণিত কার্যক্রমের গ্রহণযোগ্যতার ব্যাপারে উক্ত পরিবীক্ষণের আবশ্যকতা উল্লেখ করেন। কমিটির অন্যান্য সদস্যবৃন্দ এ ব্যাপারে একমত পোষণ করেন। সভার সর্বসম্মতিক্রমে বাপাউবো'র নাগরিক সনদে বর্ণিত ০১টি নাগরিক সেবা ও ০১টি প্রাতিষ্ঠানিক সেবা সিটিজেন চার্টার অনুযায়ী বাস্তবায়ন হচ্ছে কি না তা পরিবীক্ষনের পদক্ষেপ গ্রহণের ব্যাপারে কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত হয়। অতঃপর কমিটির সদস্য সচিব, জনাব ড. মোঃ আবুল বাশার, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) মহোদয় বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) এর প্রাতিষ্ঠানিক সেবার ৫নং সেবা এবং অভ্যন্তরীন সেবার ৪৯নং সেবা হালনাগাদকরণের ব্যাপারে তার বক্তব্য উপস্থাপন করেন। উক্ত ০২টি সেবা প্রদানে নিয়োজিত দপ্তরসমূহ হতে আগত প্রতিনিধিগণ এ ব্যাপারে তাদের মতামত পেশ করেন। উক্ত বক্তব্যের আলোকে কমিটির সকল সদস্য সেবা দুইটি হালনাগাদকরনের বিষয়ে একমত পোষন করেন। অতঃপর কমিটির সদস্য জনাব আরিফ ইকরামুল আজিম, সিস্টেম এনালিস্ট, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা মহোদয় বাপাউবো'র মাঠ পর্যায়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত বাপাউবো'র সকল জোনের সিটিজেন চার্টার সংক্রান্ত কার্যক্রমের ২০২১-২২ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন যথাসময়ে কমিটি বরাবর প্রেরণের নিমিত্ত একটি পত্র প্রেরণের ব্যাপারে গুরুত্বারোপ করেন। এছাড়া পূর্ববর্তী বৈঠকসমূহের গৃহীত কার্যক্রমের অনুসরন ও অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা হয়। বিগত সভাসমূহের গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হওয়ায় কমিটি সন্তোষ প্রকাশ করে। উল্লিখিত বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনা শেষে সকল সদস্যের সম্মতিক্রমে কমিটি নিম্নবর্ণীত সিদ্ধান্ত গ্রহণ করে।

<u>গৃহীত সিদ্ধান্তসমূহঃ</u>

১। অত্র ২০২১-২২ অর্থবছরে সিটিজেন চার্টারে উল্লিখিত ০১টি নাগরিক সেবা (নতুন জনবল নিয়োগ) ও ০১টি প্রাতিষ্ঠানিক সেবা (বিভিন্ন সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষনে সহায়তা প্রদান) সম্পর্কিত দপ্তর সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করছে কি না তা পরিবীক্ষণ কমিটি কর্তৃক পরিবীক্ষন করতে হবে।

২। বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) এর প্রাতিষ্ঠানিক সেবার ৫নং (বাপাউবো সম্পর্কিত বিভিন্ন আইন, নীতিমালা, বিধিমালা ইত্যাদি সম্পর্কে মতামত প্রদান) এবং অভ্যন্তরীন সেবার ৪৯নং (অবসরপ্রাপ্ত কর্মচারী/মৃত কর্মচারীর চূড়ান্ত পাওনার ছাড়পত্র) হালনাগাদ করতে হবে ।

৩। বাপাউবো'র মাঠ পর্যায়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত ৪র্থ কোয়ার্টার পর্যন্ত বার্ষিক অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে প্রেরণের লক্ষ্যে বাপাউবো'র সকল জোনাল প্রধান প্রকৌশলী মহোদয় বরাবর পত্র প্রেরণ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৬/৫/২২

(মোঃ ওয়াহিদ হোসেন)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ)
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
বাপাউবো, ঢাকা।
ও আহ্বায়ক, উক্ত কমিটি।

H:\Official files\Office Order 2.doc

বিতরন (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)ঃ

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন-০১, বাপাউবো, ঢাকা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), ডিজাইন-০৩, বাপাউবো, ঢাকা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১, বাপাউবো, ঢাকা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

৪। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৫। পরিচালক, ভূ-গর্ভস্থ পানিবিজ্ঞান পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

৬। পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

৭। প্রধান কৃষিতত্ত্ববিদ, প্রধান কৃষিতত্ত্ববিদ এর দপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

৮। সিস্টেম এনালিস্ট, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

৯। অতিঃ পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

১০। নির্বাহী প্রকৌশলী (পুর), বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো, ঢাকা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

১১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর),প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য-সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (কার্যবিবরনীটি বোর্ডের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোডের জন্য অনুরোধ জানানো হলো)

১৩। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

১৪। অফিস কপি/মাস্টার কপি।

২৩/৫/২২

**(ড. মোঃ আবুল বাশার)**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
প্রসেসিং পরিদপ্তর
বাপাউবো, ঢাকা
ও
সদস্য-সচিব,উক্ত কমিটি

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

"সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) পরিবীক্ষণ কমিটি" এর ২০২১-২২ অর্থ বছরের ৪র্থ ত্রৈমাসিক সভা

তারিখঃ ১৯ মে, ২০২২ ইং।

স্থানঃ অতিঃ প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন মহোদয়ের কক্ষে (পানি ভবন, লেভেল-১, রুম-১০৭)

হাজিরা বিবরনী

| নাম ও পদবী | অফিস | স্বাক্ষর |
|---|---|---|
| মুহম্মদ ওয়াজিদ হোসেন<br>অতিঃ প্রধান প্রকৌঃ (পুঃমাঃ) | প্রধান প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন | [illegible] |
| ড. আনোয়ার জাহিদ<br>পরিচালক | ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান বিভাগ পাবি | [illegible] |
| মো: মেহেদী রহমান<br>অতি. পরিচালক | হিসাব রক্ষণ পাবি | [illegible] 19/05/22 |
| মো: আব্দুর রশীদ<br>উপ-পরিচালক | প্রশিক্ষণ পরিদপ্তর | আব্দুর রশীদ<br>১৯/০৫/22 |
| প্রদীপ কুমার বিশ্বাস<br>প্রধান কারিগরি উপদেষ্টা | প্রধান কারিগরি উপদেষ্টা এর দপ্তর<br>পাপাউবো, ঢাকা | [illegible] ১৯/০৫/2022 |
| আরিফ ইকবালুল আজিজ<br>সিস্টেম এনালিস্ট | HRD, BWDB | [illegible]<br>১৯/০৫/22 |
| মো. মো. রাকিবুল হাসান<br>উপ-পরিচালক (পুঃমাঃ) | ভূমি ও রাজস্ব পরিদপ্তর<br>পাপাউবো, ঢাকা | [illegible]<br>১৯/০৫/2022 |
| মো: মনিরুজ্জামান<br>উপ-পরিচালক | সংস্থাপন ও যানবাহন পরিদপ্তর<br>পাপাউবো, ঢাকা | [illegible]<br>১৯/০৫/22 |
| এ,কে,এম তারেক সিদ্দিকী<br>সহকারী প্রকৌশলী | বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র<br>পাপাউবো, ঢাকা | [illegible]<br>১৯/০৫/22 |
| মো: মইনুল ইসলাম<br>উপ-পরিচালক | প্রশিক্ষণ ও মানবসম্পদ উন্নয়ন<br>পরিদপ্তর | [illegible]<br>১৯/০৫/22 |
| মো: আরিফুল হাসান<br>উপ-বিভাগীয় প্রকৌশলী | প্রকৌশল পরিদপ্তর<br>পাপাউবো, ঢাকা | [illegible]<br>১৯/০৫/22 |
| | | |
| | | |
| | | |